দৈনিক সংবাদ

তারিখ ... 15.3.86 ...
পৃষ্ঠা ... ২ কলাম ... 4 ...

074

# বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে ১০৪ জন ছাত্র বহিষ্কার

বিভিন্ন পরীক্ষাকেন্দ্রে ১০৪ জন ছাত্র অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কার হয়েছে।

এ ছাড়া রাঙ্গুনিয়ায় পুলিশের লাঠি চার্জে ৩জন এবং গাইবান্ধায় ছাত্র-পুলিশ সংঘর্ষে ২জন পুলিশসহ ৪ জন আহত হয়।

গাইবান্ধা থেকে জেলা বার্তা পরিবেশক জানান, চলতি এস, এস, সি পরীক্ষার দু'দিনে এখানে ছাত্র-পুলিশ সংঘর্ষে ২জন পুলিশসহ ৪জন আহত হয়েছে। একজন ম্যাজিস্ট্রেট প্রহৃত হয়েছেন। গ্রেফতার হয়েছে ৫ জন। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কার করা হয়েছে ৪৮ জনকে। গোবিন্দগঞ্জে ১৪৪ ধারা ভঙ্গ করা হয়। পুলিশ ও জনতার মধ্যে কয়েক দফা সংঘর্ষ হয়। এতে পুলিশ ৩ রাউণ্ড ফাঁকা গুলী ছোড়ে। লাঠি চার্জে ৫ ব্যক্তি আহত হয়। ৪ জনকে গ্রেফতার করা হয়।

নলডাঙ্গা পরীক্ষা কেন্দ্র থেকে ১ জনকে গ্রেফতার করা হয়। গ্রেফতারের প্রতিবাদে বিক্ষোভ প্রদর্শন করা হয়। বিক্ষোভের সময় ১ জন ম্যাজিস্ট্রেট প্রহৃত হন।

উপ-আঞ্চলিক সামরিক আইন প্রশাসক ও গাইবান্ধা জেলা প্রশাসক ঘটনাস্থল পরিদর্শন করেছেন। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।

## গৌরীপুর

গৌরীপুর (ময়মনসিংহ) থেকে নিজস্ব সংবাদদাতা জানান, চলতি এস,এস,সি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে প্রথম দিন বাংলা পরীক্ষায় নান্দাইল ও পূর্বধলায় ৮জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

এর মধ্যে পূর্বধলা কেন্দ্রে ৫জনকে বহিষ্কার করা হয়। এই কেন্দ্রে মোট ৮শ' ১৪জন পরীক্ষার্থীর মধ্যে ৩জন অনুপস্থিত ছিল। নান্দাইল কেন্দ্রে মোট ৬শ' ৮৩জন পরীক্ষার্থীর মধ্যে ১জন অনুপস্থিত ছিল। এই কেন্দ্রে ৩জনকে বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া নান্দাইলে ধর্মঘটী শিক্ষকরা এক প্রতিবাদ মিছিল করে।

এদিকে গৌরীপুর এস,এস,সি, কেন্দ্রে ১২শ' ৭৪জন পরীক্ষার্থীর মধ্যে ২১ জন অনুপস্থিত ছিল। এই উপজেলার ধর্মঘটী শিক্ষকরাও প্রতিবাদ মিছিল করে।

কেন্দুয়া এস,এস,সি পরীক্ষা কেন্দ্রে ৫শ' ২২জন পরীক্ষার্থীর মধ্যে ১জন অনুপস্থিত ছিল। এই কেন্দ্রে পরীক্ষা চলাকালীন সময়ে গোলযোগ করার অভিযোগে ১২ জনকে আটক করা হয়। পরে আটককৃতদের ছেড়ে দেয়া হয়।

এ ছাড়া ঈশ্বরগঞ্জ পরীক্ষা কেন্দ্রে ১ হাজার ৪৭জন পরীক্ষার্থীর মধ্যে ৪জন অনুপস্থিত ছিল। এই কেন্দ্রে ৩টি স্কুলের শিক্ষকরা পরীক্ষার কাজ বয়কট করেছে।

ফুলপুর উপজেলার এস,এস,সি পরীক্ষা কেন্দ্রে ৭৫৪ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে।

## রাঙ্গুনিয়া

রাঙ্গুনিয়া (চট্টগ্রাম) থেকে নিজস্ব সংবাদদাতা জানান, রাঙ্গুনিয়া উপজেলার এস, এস, সি পরীক্ষা কেন্দ্রসমূহে প্রথম দিনের ঘটনার পর উপজেলা প্রশাসন সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করেছেন।

রাঙ্গুনিয়ার দু'টি উপকেন্দ্র শিলক ও খীলমোগল কেন্দ্র দু'টি বাতিল এবং রাঙ্গুনিয়া কেন্দ্র বেগম জাকের হোসেন গার্লস

(২য় পাতায় দেখুন)